যে ছিল আমার স্বপনচারিণী
তারে   বুঝিতে পারি নি।
দিন চলে গেছে খুঁজিতে খুঁজিতে ॥
শুভক্ষণে কাছে ডাকিলে,
লজ্জা আমার ঢাকিলে গো,
তোমারে   সহজে পেরেছি বুঝিতে ॥
কে মোরে ফিরাবে অনাদরে,
কে মোরে ডাকিবে কাছে,
কাহার প্রেমের বেদনায়   আমার মূল্য আছে,
এ নিরন্তর সংশয়ে হায় পারি নে যুঝিতে—
আমি   তোমারেই শুধু পেরেছি বুঝিতে ॥

---

Parjaay: Prem / Mayar Khela, Taal: Dadra, Raag: Bhairavi-Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail